

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 15.03.24

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) পড়ে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কপালে ও নাকে গুরুতর চোট লাগার ঘটনায় তোলপাড় বিভিন্ন মহলে। কিভাবে পড়ে গেলেন তিনি, তা নিয়ে রহস্য দানা বেঁধেছে। মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করেছেন প্রধানমন্ত্রী সহ বিভিন্ন দলের নেতৃবৃন্দ।

২) হাওড়া ময়দান থেকে Esplanade, নিউ গড়িয়া থেকে রুবি এবং Joka থেকে মাজেরহাট পর্যন্ত বর্ধিত পথে মেট্রো রেলের যাত্রী পরিষেবা আজ শুরু হচ্ছে।

৩) পেট্রল –ডিজেলের দাম লিটার পিছু ২ টাকা করে কমলো।

৪) কংগ্রেসের জন্য আসন সমঝোতার পথ খোলা রেখেই রাজ্যের ১৬-টি লোকসভা আসনে প্রথম দফার প্রার্থী তালিকা প্রকাশ করল বামফ্রন্ট। এর মধ্যে ১৪ জনই নতুন মুখ।

৫) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় ঘর্মাক্ত গরমে দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল।

oooooooooooooooooooooooo

পড়ে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কপালে ও নাকে গুরুতর চোট লাগার ঘটনায় তোলপাড় বিভিন্ন মহলে। গত সন্ধ্যায় কালীঘাটের বাড়িতে নিজের ঘরেই পড়ে

যান তিনি। রক্তাক্ত অবস্থায় তাঁকে এস এস কে এম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। উডবার্ন ওয়ার্ডের কেবিনে কপালে তিনটি ও নাকে একটি স্টিচ হয় মুখ্যমন্ত্রীর। তবে, তাঁর অবস্থা স্থিতিশীল। প্রাথমিক চিকিৎসা এবং বাঁধুর ইনস্টিটিউট অফ নিউরোসায়েন্সেস-এ সিটি স্ক্যান-এর পর হাসপাতাল থেকে বাড়ি ফিরে যান মুখ্যমন্ত্রী। চিকিৎসকরা তাঁকে হাসপাতালে পর্যবেক্ষণে থাকতে বললেও তিনি শোনেননি।

কিভাবে পড়ে গেলেন মুখ্যমন্ত্রী, তা নিয়ে রহস্য দানা বেঁধেছে। এস এস কে এম অধিকর্তা ডাক্তার মনিময় বন্দ্যোপাধ্যায় রাতে মেডিকেল বুলেটিনে সাংবাদিকদের জানান, মস্তিষ্কে আঘাত লেগেছে মুখ্যমন্ত্রীর। বাড়িতেই পেছন থেকে ধাক্কা লাগায় তিনি পড়ে যান। আজ তাঁর মেডিকেল চেকআপের পর পরবর্তী সিদ্ধান্ত নেবেন চিকিৎসকরা।

(বাইট)

জেড প্লাস ক্যাটেগরির নিরাপত্তার মধ্যে নিজেরই বেডরুমে পেছন থেকে ধাক্কা লেগে কিভাবে পড়ে গেলেন মুখ্যমন্ত্রী, তা নিয়ে প্রশ্ন উঠেছে। সেই সময় বাড়িতে ছিলেন অভিষেক ব্যানার্জী সহ অনেকেই। অভিষেকই মুখ্যমন্ত্রীকে হাসপাতালে নিয়ে যান। পরে অবশ্য জানা যায়, মুখ্যমন্ত্রীর মনে হয়েছিল কেউ তাঁকে পেছন থেকে ধাক্কা দিয়েছে।

তাঁর কপাল থেকে প্রচুর রক্তপাত হচ্ছিল। সেই ছবি, তৃণমূল কংগ্রেসের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে পোস্ট হতেই, তোলপাড় শুরু হয়ে যায়।

হাসপাতালে ছুটে যান, তৃণমূল কংগ্রেস নেতা, মন্ত্রী, কর্মী সমর্থকরা। উদ্বিগ্ন রাজ্যপাল সি ভি আনন্দ বোসও হাসপাতাল গিয়ে চিকিৎসকদের সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল, তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন, বিজেপি-র রাজ্যসভাপতি সুকান্ত মজুমদার, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, সি পি আই এম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ রাজনৈতিক দলমত নির্বিশেষে নেতৃবৃন্দ মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ প্রতীক্ষার পর আজ দেশের গভীরতম মেট্রো স্টেশন হাওড়া ময়দান থেকে Esplanade, নিউ গড়িয়া থেকে রুবি এবং

Joka থেকে মাজেরহাট পর্যন্ত বর্ধিত পথে যাত্রী পরিষেবা শুরু হচ্ছে।

হুগলী নদীর তলা দিয়ে হাওড়া ময়দান ও Esplanade এর মধ্যে সোম থেকে শনি সকাল ৭ টায় প্রথম ও রাত ৯ টা ৪৫ মিনিটে শেষ ট্রেন ছাড়বে।

নিউ গড়িয়া বা কবি সুভাষ থেকে রুবি বা হেমন্ত মুখোপাধ্যায় পর্যন্ত শনি রবি বাদে সোম থেকে শুক্র সকাল ন'টায় ছাড়বে প্রথম এবং বিকেল চারটে চল্লিশ মিনিটে শেষ ট্রেন।

মারোহাট - জোকা অংশের উভয় প্রান্ত থেকে সকাল সাড়ে ৮ টায় প্রথম এবং বিকেল ৩ টে ৩৫ মিনিটে শেষ পরিষেবা মিলবে।

গত ছ-ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কলকাতায় এই তিনটি প্রকল্পের উদ্বোধন করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০

রাশিয়ার গ্যাসের পর এবার পেট্রোল ডিজেলের দাম কমলো। এই দুই জ্বালানীর ওপর ২ টাকা করে উৎপাদন শুল্ক কমানোর সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। আজ সকাল ছটা থেকে নতুন দাম কার্যকর হয়েছে। কলকাতায় এখন পেট্রলের দাম হবে লিটার প্রতি ১০৪ টাকা ৩ পয়সা এবং ডিজেলের, ৯০ টাকা ৭৬ পয়সা।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার রাজভবনে শীঘ্রই চালু হবে বিশেষ পোস্টাল মিউজিয়াম। রাজ্যপাল ডআনন্দ বোস .ভি.সি ., "কলকাতা জিপিওর ২৫০ বছর উদযাপনের "সূচনায় গতকাল একথা জানান।

কেরালায় পোস্ট মাস্টারের চাকরি করতেন ডঃ বোসের মা। তাঁর স্মৃতিতে পদ্মা নামে বিশেষ পুরস্কার চালু করার কথা ঘোষণা করেন রাজ্যপাল। এই অঞ্চলের সেরা ডাকঘরকে এই পুরস্কার দেওয়া হবে। পুরস্কারে থাকবে নগদ এক লক্ষ টাকা ও সম্মাননাপত্র। ডাক পরিষেবার ক্ষেত্রে অসামান্য কাজের জন্য বিভাগের 10 জন কর্মীকে তিনি গভর্নরের পুরস্কার দেবার কথাও ঘোষণা করেন। পুরস্কারে থাকছে নগদ 10 লক্ষ টাকা।

ঐতিহাসিক জিপিও ভবনের রোটাভায় নামে "জার্নি অফ মেলস" একটি প্রদর্শনীর উদ্বোধন করেন রাজ্যপাল। প্রদর্শনীতে, বাংলার ডাক পরিষেবার সমৃদ্ধ ইতিহাস এবং তার দীর্ঘ পথচলা তুলে ধরা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

কংগ্রেসের জন্য আসন সমঝোতার পথ খোলা রেখেই রাজ্যের ১৬-টি লোকসভা আসনে প্রথম দফার প্রার্থী তালিকা প্রকাশ করল বামফ্রন্ট। এর মধ্যে ১৪ জনই নতুন মুখ। ১৩-টি আসনে প্রার্থী দিয়েছে সি পি আই এম। বাকি তিনটিতে লড়বে ফরওয়ার্ড ব্লক, আর এস পি ও সি পি আই।

দমদমে সুজন চক্রবর্তী, যাদবপুরে সৃজন ভট্টাচার্য, শ্রীরামপুরে দীপসিতা ধর এবং হাওড়ায় আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায়কে প্রার্থী করা হয়েছে। তমলুকে প্রার্থী হয়েছেন সি পি আই এম-এর তরুণ আইনজীবী সায়েন বন্দ্যোপাধ্যায়। এই আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী করেছে দলের তরুণ মুখ দেবাংশু ভট্টাচার্যকে। বিজেপি এখনও প্রার্থীর নাম ঘোষণা না করলেও সদ্য এই দলে যোগ দেওয়া কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় তমলুকে প্রার্থী হতে পারেন বলে জল্পনা তুঙ্গে।

কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতার প্রশ্নে প্রবীণ সি পি আই এম নেতা, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু জানান, -

(বাইট)

অন্যদিকে, বামেদের সঙ্গে তিন দফায় আলোচনার পর আই এস এফ ৮-টি আসনে প্রার্থী দেবার কথা ঘোষণা করেছে। দলের কার্যকরী সভাপতি সামসুর আলি মল্লিক জানিয়েছেন, জোটের স্বার্থে যাদবপুর কেন্দ্র থেকে তারা সরে আসতে পারেন, যদি বিশিষ্ট আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্যকে প্রার্থী করেন বামেরা।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাহজাহানকে চারদিনের CBI হেফাজত শেষে গতকাল বসিরহাট আদালতে তোলা হয়। তাকে আবার ৮ দিনের CBI হেফাজতে পাঠানো হয়েছে।

অন্যদিকে, ৫ই জানুয়ারীর ওই ঘটনায় ন্যাজাট থানার পুলিশ যে ৭ জনকে গ্রেপ্তার করেছিল, তাদেরও গতকাল আদালতে তোলা হয়। এদের ৫দিনের CBI হেফাজত হয়েছে।

এদিকে, রেশন দুর্নীতির সঙ্গে মাছ ব্যবসায় আমদানী রফতানি যোগের তদন্তে ইডি সন্দেশখালির ধামাখালিতে শাহজাহান ঘনিষ্ঠ কয়েকজনের বাড়িতে হানা দেয়।

সরবেড়িয়ায় শাহজাহান ঘনিষ্ঠ মোসলেম শেখের গ্যারেজের চাবি খুলিয়ে সেখানে ও তার সামনে আইসক্রিমের দোকানেও চলে তল্লাশি। এর মধ্যে শেখ শাহজাহানের ২টি ও তার ভাইয়ের একটি গাড়িও। পরে সেখান থেকে তিনটি গাড়ি নিয়ে ইডি আধিকারিকরা কলকাতার উদ্দেশে রওনা দেন।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের জামালপুরের কুলীনগ্রামে বনদপ্তরের কর্মীরা ক্রেতা সেজে হরিনের সিং পাচারচক্রের পাঁচ পাভাকে হাতে নাতে পাকড়াও করেছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে ২০ টি সম্বর হরিণের শিং।

বনদপ্তর সূত্রে জানা গেছে, ওয়াইল্ড লাইফ কন্ট্রোল ব্যুরো হরিণের শিং বিক্রির খবর পায়। বনদপ্তরকে বিষয়টি জানানো হলে দুই কর্মী ক্রেতা সেজে, জামালপুর পুলিশের সহযোগিতায় ঐ ৫ জনকে ধরে ফেলেন।

জেলা সহকারী বনাধিকারিক সোমনাথ চৌধুরী জানিয়েছেন, বন্যপ্রাণ সুরক্ষা আইনের আওতায় তাদের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। ধৃতদের মধ্যে দু'জন পশ্চিম বর্ধমানের ও তিনজন পূর্ব বর্ধমানের জৌগ্রাম এর বাসিন্দা। আজও তাদের বর্ধমান আদালতে পেশ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০

বেলুড় শ্রমজীবী হাসপাতালের সম্প্রসারণ সহ একাধিক দাবিতে ধর্না অবস্থানের আজ সপ্তম দিন বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরা এতে সামিল হন। শ্রমজীবী হাসপাতাল সহযোগী মঞ্চ, বেলুড় শ্রমজীবী হাসপাতালের সামনে ৯-ই মার্চ থেকে লাগাতার ধর্নার কর্মসূচী চালিয়ে যাচ্ছে। দীর্ঘ স্থায়ী সমাধানের পাশাপাশি মামলা মোকদ্দমার বাইরে থাকা ১৬ বিঘা খাস জমিতে হাসপাতালের সম্প্রসারণের দাবিতে এই ধর্না চলছে। ভূমি দফতরের আধিকারিক ইন্দ্রনীল সাহার কাছে পেশ করা দাবি নিয়েই সরকারীস্তরে আলোচনা করে দ্রুত সিদ্ধান্ত জানানোর আশ্বাস দেওয়া হয়।

৩-শো বেডের সুপার স্পেশালিটি হাসপাতাল, সকলের আয়ত্তের মধ্যে চিকিৎসার ব্যবস্থা নার্সিং ও প্যারামেডিকেল কলেজ স্থাপন, চিকিৎসা গবেষণা কেন্দ্র এবং ওষুধ তৈরির কারখানা তৈরির দাবিতে চলছে এই ধর্না অবস্থান।

০০০০০০০০০০০০০০০০০০

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় ঘর্মান্ত গরমে দক্ষিণবঙ্গের মানুষ নাজেহাল। আজ সকালে কলকাতায় সর্ব নিম্ন তাপমাত্রা ২৬ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের ৪ ডিগ্রী ওপরে। আগের দু-দিনও

তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী বেশি। তবে, দিনের তাপমাত্রা থাকছে স্বাভাবিকে নীচে। আজও কয়েকটি জেলায় হাল্কা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo